



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি বিপণন অধিদপ্তর

খামারবাড়ি, ফার্মগেট

ঢাকা-১২১৫।

[www.dam.gov.bd](http://www.dam.gov.bd)



স্মারক নম্বর: ১২.০২.০০০০.০০৮.৩৫.০০১.১৭.৩৫

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪২৭

২০ মে ২০২০

বিষয়: আম, লিচুসহ অন্যান্য মৌসুমি ফল বেশি বেশি ক্রয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বৈশ্বিক মহামারী করোনার প্রভাবে বাংলাদেশের শাকসবজি ও মৌসুমি ফলসহ কৃষিপণ্যের পরিবহন এবং বাজারজাতকরণে বিরূপ প্রভাব পড়ছে। কৃষকেরা তাদের উৎপাদিত কৃষিপণ্য বিক্রি করতে পারছে না। বড় শহরের বাজারে ক্রেতার আগমন প্রায় না থাকায় ও জনগণের আয় হ্রাস পাওয়ার কারণে বাজারে কৃষিপণ্যের চাহিদা হ্রাস পেয়েছে, ফলে পাইকার ও আড়তদারগণ কৃষিপণ্য ক্রয়ে আগ্রহ হারাচ্ছে। কৃষিপণ্য পরিবহন শেষে ট্রাক খালি ফেরার আশঙ্কায় ভাড়া দ্বিগুণ হয়ে যাচ্ছে। এ সকল কারণে ক্ষেতেই নষ্ট হচ্ছে বেশির ভাগ উৎপাদিত ফল ও সবজি।

০২। করোনা উদ্ভূত পরিস্থিতিতে কৃষিপণ্যের বিপণন এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। কৃষিপণ্যের সরবরাহ এবং বাজারজাতকরণ ব্যবস্থা ঠিক রাখা, কৃষকের ন্যায্যমূল্য নিশ্চিত করা, যৌক্তিকমূল্যে ভোক্তাদের পণ্য ক্রয় নিশ্চিত করা, কৃষিপণ্যের মূল্য স্থিতিশীল রাখার মত জটিল ও দুরূহ কাজ কৃষি বিপণন অধিদপ্তর তার স্বল্প জনবল নিয়ে নিরলসভাবে করে যাচ্ছে।

০৩। করোনা উদ্ভূত পরিস্থিতিতে আম, লিচুসহ মৌসুমি ফল এবং কৃষিপণ্য বাজারজাতকরণ বিষয়ে ১৬ মে, ২০২০ খ্রিঃ তারিখে মাননীয় কৃষিমন্ত্রীর সাথে খাদ্যমন্ত্রী, পররাষ্ট্র প্রতিমন্ত্রী, তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী, নৌ-পরিবহন প্রতিমন্ত্রীর সংশ্লিষ্টদের নিয়ে একটি অনলাইন মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আম, লিচুসহ মৌসুমি ফল বাজারজাতকরণ বিষয়ে ১০টি সুপারিশ গৃহীত হয়। এর মধ্যে উল্লেখযোগ্য সুপারিশ হলো প্রাণ, একমি, ব্র্যাকসহ বিভিন্ন প্রতিষ্ঠান এবং স্থানীয় প্রতিষ্ঠান যারা কৃষিপণ্য প্রক্রিয়াজাত করে জুস, ম্যাঞ্জোবার, আচার, চাটনি প্রভৃতি তৈরি করে, তাদেরকে এবছর বেশি বেশি আম-লিচু কেনার অনুরোধ জানানো।

০৪। বর্গিতাবস্থায়, করোনা মহামারীর এই দুর্যোগে কৃষকদের স্বার্থ সুরক্ষায় আম, লিচুসহ অন্যান্য মৌসুমি ফল বেশি বেশি ক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২০-৫-২০২০

মোহাম্মদ ইউসুফ

মহাপরিচালক

বিতরণ :

১) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ এগ্রো প্রোসেসরস

- এসোসিয়েশন (বাপা), ৪/১/এ, সোবহানবাগ, ধানমন্ডি, ঢাকা।
- ২) ব্যবস্থাপনা পরিচালক, প্রাণ ফুডস লিমিটেড, প্রাণ-  
আরএফএল টাওয়ার, ১০৫, মধ্য বাড্ডা, ঢাকা।
- ৩) ব্যবস্থাপনা পরিচালক, একমি এগ্রো এন্ড বেভারেজ  
লিমিটেড, কোর্ট দে লা একমি, ১/৪, কল্যানপুর, মিরপুর রোড,  
ঢাকা।
- ৪) ব্যবস্থাপনা পরিচালক, ব্রাক সীডস এন্ড এগ্রো লিমিটেড,  
ব্রাক সেন্টার, ৭৫, মহাখালী, ঢাকা।
- ৫) ব্যবস্থাপনা পরিচালক, বিডি ফুডস লিমিটেড, ১০,  
গুলশান নর্থ এভিনিউ, গুলশান-২, ঢাকা।
- ৬) ব্যবস্থাপনা পরিচালক, স্কয়ার ফুডস এন্ড বেভারেজ, স্কয়ার  
সেন্টার, ৪৮, মহাখালী বা/এ, ঢাকা।
- ৭) ব্যবস্থাপনা পরিচালক, এসিআই ফুডস লিমিটেড, এসিআই  
সেন্টার, ২৪৫, তেজগাঁও শি/এ, ঢাকা।
- ৮) চেয়ারম্যান, ডেকো ফুডস লিমিটেড, বাড়ি-৩৭, রোড-১৬,  
ধানমন্ডি আ/এ, ঢাকা।
- ৯) পরিচালক, আকিজ ফুডস এন্ড বেভারেজ লিমিটেড,  
আকিজ হাউজ, ১৯৮, গুলশান লিংক রোড, তেজগাঁও, ঢাকা।